ভোরের কাগজ
ইদ্রিস
তারিখ ...
পৃষ্ঠা: ২ কলাম ৪
SEP. 14 2002

# বোয়ালখালী কলেজ আজ খুলছে; ছাত্রদল নেতাদের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ

চট্টগ্রাম অফিস : বোয়ালখালীর কানুনগোপাড়া স্যার আশুতোষ- সরকারি কলেজে ছাত্রদল নেতাদের কলেজ ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। আজ শনিবার থেকে কলেজের কার্যক্রম আবারও শুরু হবে।

গত : বুধবার কলেজে ছাত্রদলের তাণ্ডবের পর পুলিশ নুরুল আজিম নামে এক ছাত্র নেতাকে গ্রেপ্তার করে আবার ছেড়ে দিয়েছে। কলেজে হামলার প্রতিবাদে বৃহস্পতিবারও শিক্ষকদের ক্লাস বর্জন অব্যাহত ছিল। কলেজের সৃষ্ট পরিস্থিতি নিয়ে রাজনৈতিক দল, প্রশাসন এবং কলেজ শিক্ষকদের মধ্যে ত্রিপক্ষীয় এক বৈঠকে সিদ্ধান্ত হয় যে অভিযুক্ত ছাত্রদল নেতাদেরকে কলেজ ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ এবং শনিবার থেকে কলেজের ক্লাস চালু করা হবে।

এদিকে শিক্ষা বোর্ড আজ ১৪ সেপ্টেম্বরের মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তির সময়সীমা বেঁধে দিয়েছে। এই অবস্থায় অধিকাংশ ছাত্রছাত্রী এখনো তাদের ভর্তির প্রক্রিয়া শেষ করতে না পারায় অনেক অভিভাবক উদ্বিগ্ন হয়ে পড়েছেন।